গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেলঅপারেশন) অধিশাখা
www.mor.gov.bd

**বিষয়: চলন্ত ট্রেনে পাথর/ঢিল নিক্ষেপ বন্ধে পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার প্রধান অতিথি | : | জনাব নূরুল ইসলাম সুজন,এমপি |
| সভার সভাপতি | : | জনাব মো: সেলিম রেজা |
| সভার তারিখ ও সময় | : | ২৯ সেপ্টেম্বর ২০২১; দুপুর ২.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ, রেলপথ মন্ত্রণালয় |

**সভার উপস্থিতিঃ**

সভায় রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবগণ, যুগ্মসচিব (প্রশাসন), উপসচিব (প্রশাসন-৬), বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকগণ, মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম),অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, সরকারি রেল পরিদর্শক এবং রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট -'ক'তে সংযুক্ত করা হলো।

২.০ **সভার প্রারম্ভিক আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, রেলে পাথর নিক্ষেপ প্রতিরোধে করণীয় বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় অদ্যকার সভা আহবান করা হয়েছে। তিনি বলেন, চলন্ত ট্রেনে ঢিল নিক্ষেপের আঘাতে অনেকে আহত হয়েছেন, চোখ হারিয়েছেন, এমনকি মৃত্যুর ঘটনা পর্যন্ত ঘটেছে। অত:পর তিনি প্রধান অতিথির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৬) কে সভার বিষয়বস্তুর উপর একটি অবস্থান পত্র উপস্থাপনের অনুরোধ জানান। প্রধান অতিথির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৬) সভার বিষয়বস্তু, চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপের সাম্প্রতিক তথ্যাদি, পাথর নিক্ষেপ প্রবন এলাকা, রেলপথ মন্ত্রণালয়ের গৃহীত পদক্ষেপসমূহ এবং পাথর নিক্ষেপ রোধকল্পে কতিপয় সুপারিশমালা পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে উপস্থাপন করেন।

২.১ মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় ও প্রধান অতিথি বলেন সকলের সম্মিলিত প্রচেষ্টার ফলে ট্রেনের ছাদে উঠা বন্ধ হয়েছে। রেলওয়ের ব্যাপারে মানুষের দৃষ্টিভঙ্গি অনেক ইতিবাচক হয়েছে। কিন্তু চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপের ফলে যে সমস্যার সৃষ্টি হচ্ছে তা রোধকল্পে ইতোমধ্যে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে হতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সকলে আরও তৎপর হলে এ সমস্যা হতে উত্তরণ ঘটানো সম্ভব হবে। এ ছাড়া তিনি চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপ বন্ধে রেলওয়ে পুলিশ, রেলওয়ে নিরাপত্তা বাহিনীসহ রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ের সকলকে একযোগে কাজ করার আহবান জানান। তিনি ব্যাপক প্রচার-প্রচারণা, পাথর নিক্ষেপ প্রবন এলাকার গ্রামবাসী, মসজিদের ইমাম, স্কুলের শিক্ষক, স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, উপজেলা চেয়ারম্যানসহ রেল পুলিশের নেতৃত্বে সকলকে সম্পৃক্ত করে এ সমস্যার সমাধান সম্ভব বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি দায়িত্বপূর্ণ ভূমিকা নিয়ে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণের উপর নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

২.২ অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) পাথর নিক্ষেপ রোধে সংশ্লিষ্ট এলাকার স্কুল, কলেজ ও মসজিদের ইমামদের সম্পৃক্তকরণের উপর গুরুত্বারোপ করেন। এছাড়া সাম্প্রতিকালে আখাউড়ায় অনুষ্ঠিত সচেতনতামূলক কার্যক্রমের বিষয়টি সভায় উল্লেখ করেন। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক বলেন, ২০২০ সালে সংশ্লিষ্ট থানা, জনপ্রতিনিধি ও মসজিদের ইমামদের নিয়ে ১৫০টি সচেতনমূলক সভা করা হয়েছে। চলন্ত ট্রেনে রেলওয়ে পুলিশ থাকে কিন্তু ঘটনা ঘটার সাথে সাথে ট্রেন থামানো সম্ভব হয়ে উঠে না।

পরবর্তীতে অপরাধী হিসেবে যাদের ধরা হয় তাদের প্রায় সকলের বয়স ১৬ বছরের কম। ফলে কার্যক্রম আর আগানো সম্ভব হয় না। পাথর নিক্ষেপকারীদের ধরে দিতে পারলে পুলিশের পক্ষ হতে ৫০০০/- টাকা পুরস্কারও ঘোষণা করা হয়েছে। সরকারি রেলপরিদর্শক (জিআইবিআর) বলেন, বাংলাদেশ রেলওয়ের স্কুলগুলোতে ৮০০ স্কাউট রয়েছে। তাদের মাধ্যমে লিফলেট বিতরণ ও প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। পুলিশ সুপার (ঢাকা) বলেন, পাথর নিক্ষেপ রোধে টেলিভিশনে সচেতনতামূলক প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এছাড়াও বাংলাদেশ রেলওয়ের ওয়েম্যানদেরকে কাজে লাগানো যেতে পারে। যুগ্মসচিব (প্রশাসন) বলেন ২০০৪ সালে পাথর নিক্ষেপ রোধ কল্পে চট্টগ্রামের বাড়বকুন্ড এলাকায় স্থানীয় ২০/২৫ হাজার ছাত্র-ছাত্রী ও জনপ্রতিনিধিসহ স্থানীয় জনগণকে নিয়ে র‍্যালির আয়োজন করা হয়েছিল তাতে তখন বেশ কাজ হয়েছিল এবং ঐ এলাকায় চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপের ঘটনা কমে এসেছিল। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে জানান পাথর নিক্ষেপ রোধে ডিআরএমগণ, রেলওয়ে পুলিশ, রেলওয়ে নিরাপত্তা বাহিনী ও ট্রেনের এ্যাটেনডেন্টগণ সমন্বিতভাবে কাজ করলে সমস্যা সমাধান করা সম্ভব। তাছাড়া পাথর নিক্ষেপ প্রবণ এলাকায় মাঝে মাঝে মাইকিং করা যেতে পারে।

২.৩ সচিব, রেলপথ মন্ত্রণালয় ও সভার সভাপতি বলেন, পাথর নিক্ষেপ রোধে প্রচারণা আরও বৃদ্ধি করতে হবে। জিআরপি এর নেতৃত্বে আরএনবি ও ডিআরএমগণ রুটিন ভিত্তিতে প্রচারণার ব্যবস্থা করবে এবং প্রতি মাসে রেলপথ মন্ত্রণালয়ে রিপোর্ট প্রেরণ করতে হবে। জেলা/উপজেলা আইন-শৃঙ্খলা কমিটিতে এ বিষয়ে আলোচনা করার জন্য রেলওয়ের স্থানীয় প্রতিনিধিকে কমিটিতে রাখার ব্যবস্থা করতে হবে। পাথর নিক্ষেপ প্রবণ এলাকার স্কুল, কলেজ ও মাদ্রাসায় প্রচারণার ব্যবস্থা করতে হবে। বাংলাদেশ রেলওয়ে হতে এ সংক্রান্ত একটি টিভিসি তৈরি করে ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচার করতে হবে। যে সকল জেলাগুলোতে রেল লাইন রয়েছে সে সকল জেলার জেলা প্রশাসক ও পুলিশ সুপারগণকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য রেলপথ মন্ত্রণালয় হতে আধা সরকারি পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাংলাদেশ রেলওয়ের ওয়েম্যানগণকে এ বিষয়ে দায়িত্ব পালনের জন্য বাংলাদেশ রেলওয়ে হতে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করতে হবে। চলন্ত ট্রেনে যারা পাথর নিক্ষেপ করে ধরা পড়বে, তাদের দৃষ্টান্তমূলক আইনানুগ শাস্তির ব্যবস্থা করতে হবে। পরবর্তীতে যাতে অন্য কেউ এ ধরনের অপরাধে উদ্বুদ্ধ না হয়।

৩.০ আলোচ্য বিষয়, আলোচনা, গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়ন দায়িত্ব নিম্নরূপ:

| নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | **চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপ রোধে ব্যাপক প্রচার প্রচারণা:**<br>পাথর নিক্ষেপ প্রবন এলাকাগুলোতে রুটিন ভিত্তিতে ব্যাপক প্রচার-প্রচারণা করে তার রিপোর্ট প্রতি মাসে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক গভর্নমেন্ট রেলওয়ে পুলিশ (জিআরবি) এর নেতৃত্বে রেলওয়ে নিরাপত্তা বাহিনী (আরএনবি), রেলওয়ের অপারেশন বিভাগসহ সকল বিভাগের সমন্বয়ে কাজ করার উপর গুরুত্বারোপ করা হয়। | দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক গভর্নমেন্ট রেলওয়ে পুলিশ (জিআরবি) এর নেতৃত্বে রেলওয়ে নিরাপত্তা বাহিনী (আরএনবি), রেলওয়ের অপারেশন বিভাগসহ সকল বিভাগের সমন্বয়ে রেল স্টেশন ও পাথর নিক্ষেপ প্রবন এলাকাগুলোতে রুটিন ভিত্তিতে ব্যাপক প্রচার-প্রচারণা করে তার রিপোর্ট প্রতি মাসে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br><br>অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, ঢাকা |
| ৩.২ | **চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপ প্রবন এলাকায় প্রচারণা:**<br>ট্রেনে পাথর নিক্ষেপ প্রবন এলাকার আশে পাশের গ্রামগুলোতে গভর্নমেন্ট রেলওয়ে পুলিশ (জিআরবি) এর নেতৃত্বে রেলওয়ে নিরাপত্তা বাহিনী (আরএনবি), স্থানীয় স্টেশন মাস্টার, ওয়েম্যান, স্থানীয় গ্রামের মসজিদের ইমাম, স্থানীয় গ্রামের স্কুল শিক্ষকগণকে সম্পৃক্তকরে ট্রেনে পাথর নিক্ষেপ রোধে প্রয়োজনীয় প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ করে তা স্থানীয়/জাতীয় প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের উদ্যোগ গ্রহণের বিষয়েবিস্তারিত আলোচনা হয়। | চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপ প্রবন এলাকার আশে পাশের গ্রাম গুলোতে গভর্নমেন্ট রেলওয়ে পুলিশ (জিআরবি) এর নেতৃত্বে রেলওয়ে নিরাপত্তা বাহিনী (আরএনবি), স্থানীয় স্টেশন মাস্টার, ওয়েম্যান, স্থানীয় গ্রামের মসজিদের ইমাম, স্থানীয় গ্রামের স্কুল শিক্ষকগণকে সম্পৃক্তকরে ট্রেনে পাথর নিক্ষেপ রোধে প্রয়োজনীয় প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ করে তা স্থানীয়/জাতীয় প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br><br>অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, ঢাকা |

| | | | |
|---|---|---|---|
| ৩.৩ | **জেলা/উপজেলা আইন শৃঙ্খলা কমিটি:**<br>জেলা/উপজেলা আইন শৃঙ্খলা কমিটিতে রেলওয়ের প্রতিনিধি অন্তর্ভুক্তিকরণ এবং চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপ রোধ সংক্রান্ত এজেন্ডা আলোচনা করা হলে পাথর নিক্ষেপ প্রতিরোধে ফলপ্রসূ অগ্রগতি হবে মর্মে সভায় একমত পোষণ করা হয় এবং এজেন্ডা ভিত্তিক আলোচনার উপর গুরুত্বারোপ করা হয়। | ১. যে সকল জেলা/উপজেলায় বাংলাদেশ রেলওয়ের লাইন রয়েছে সে সকল জেলা ও উপজেলার আইন শৃঙ্খলা কমিটিতে বাংলাদেশ রেলওয়ের স্থানীয় প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং<br><br>২. সংশ্লিষ্ট জেলা/উপজেলার আইন শৃঙ্খলা কমিটির সভায় চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপরোধে পদক্ষেপ সংক্রান্ত স্থায়ী এজেন্ডা অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br><br>অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, ঢাকা<br><br>উপসচিব (প্রশাসন-৬) রেলপথমন্ত্রণালয় |
| ৩.৪ | **টেলিভিশন কমার্শিয়াল (টিভিসি):**<br>চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপ রোধকল্পে টিভিসি তৈরি ও তা সরকারি/বেসরকারি চ্যালেনগুলোতে ব্যাপক প্রচাণার উপর গুরুত্বারোপ করা হয় এবং টেলিভিশন কমার্শিয়াল তৈরি ও তা প্রচারণার বিষয়ে একমত পোষণ করা হয়। | চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপের ফলে রেলের তথা দেশের ক্ষয়-ক্ষতি, এ অপরাধের সংশ্লিষ্ট আইনের বিষয়গুলো তুলে ধরে একটি স্বয়ংসম্পূর্ণ টিভিসি চলচিত্র প্রকাশনা অধিদপ্তর/স্বনামধন্য বিজ্ঞাপনী সংস্থার মাধ্যমে তৈরি করে সরকারি/বেসরকারি চ্যালেনগুলোতে ব্যাপক প্রচাণার উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |
| ৩.৫ | **সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে আধা-সরকারি পত্র প্রেরণ:**<br>চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপ রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব,রেলপথ মন্ত্রণালয় ও সভার সভাপতি সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে আধা-সরকারি পত্র প্রেরণের উপর গুরুত্বারোপ করা হয়। এ বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। | যে সকল জেলাগুলোতে রেল লাইন রয়েছে সে সকল জেলার জেলা প্রশাসকগণকে চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপ রোধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনাসহ জেলার সমন্বয় সভায় চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপ রোধে পদক্ষেপ সংক্রান্ত বিষয়টি এজেন্ডাভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব মহোদয়ের স্বাক্ষরে আধা-সরকারি পত্র প্রেরণ করতে হবে। | অতিরিক্তসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় |
| ৩.৬ | **সংশ্লিষ্ট পুলিশ সুপারগণকে আধা-সরকারি পত্র প্রেরণ:**<br>আইন শৃঙ্খলার কঠোর প্রয়োগের উপর বিশেষ গুরুত্ব প্রদানের জন্য সচিব, রেলপথ মন্ত্রণালয়ের স্বাক্ষরে সংশ্লিষ্ট পুলিশ সুপারগণকে আধা-সরকারি পত্র প্রেরণের বিষয়ে একমত পোষণ করা হয়। | যে সকল জেলাগুলোতে রেল লাইন রয়েছে সে সকল জেলার পুলিশ সুপারগণকে চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপ রোধে রেলওয়ে আইন অনুযায়ী কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব মহোদয়ের স্বাক্ষরে আধা-সরকারি পত্র প্রেরণ করতে হবে। | অতিরিক্তসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় |
| ৩.৭ | **আইনানুগ ব্যবস্থা গ্রহণ:**<br>চলন্ত ট্রেনে যারা পাথর নিক্ষেপ করে ধরা পড়বে তাদের দৃষ্টান্তমূলক আইনানুগ শাস্তির ব্যবস্থা করতে হবে যাতে করে পরবর্তীতে অন্যকেউ এ ধরনের অপরাধে উদ্বুদ্ধ হবে না মর্মে সভায় একমত পোষণ করা হয়। | চলন্ত ট্রেনে যারা পাথর নিক্ষেপ করে ধরা পড়বে, তাদের আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, ঢাকা |

| | | | |
|---|---|---|---|
| ৩.৮ | **প্রেস ব্রিফিং:**<br>চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপে গৃহিত কার্যক্রম এবং ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বিষয়টি ব্যাপক প্রচারণার মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির সহায়ক হিসেবে মাননীয় মন্ত্রীর প্রেস ব্রিফিং এর বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করা হয় এবং দ্রুততম সময়ের মধ্যে প্রেস ব্রিফিং আয়োজনের সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | আগামী ০৩/১০/২০২১ তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়ের জন্য একটি প্রেস ব্রিফিং এর আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় |

৪.০ সভাপতি সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
০৩/১০/২০২১
**(মো: সেলিম রেজা)**
সচিব
রেলপথ মন্ত্রণালয়

**পরিশিষ্ট-ক**

সভার প্রধান অতিথি ঃ জনাব মো: নূরুল ইসলাম সুজন, এমপি , মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়।
সভার সভাপতি ঃ জনাব মো: সেলিম রেজা, সচিব, রেলপথ মন্ত্রণালয়।
বিষয় ঃ চলন্ত ট্রেনে পাথর/ঢিল নিক্ষেপ বন্ধে পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে সভা
সভার তারিখ, সময় ও স্থান ঃ ২৯ সেপ্টেম্বর, ২০২১; দুপুর ০২:০০ ঘটিকায়; সভাকক্ষ, রেলপথ মন্ত্রণালয়।

## সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:

**রেলপথ মন্ত্রণালয়:**

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব মো: সেলিম রেজা<br>সচিব | রেলপথ মন্ত্রণালয় | ০১৮১-৯২৬১৭৩৫ |
| ০২। | জনাব মো: হাবিবুর রহমান<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) | রেলপথ মন্ত্রণালয় | ০১৯৭-১২৬৩২২৩ |
| ০৩। | ড. ভুবন চন্দ্র বিশ্বাস<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-১৩৮৯৫২২ |
| ০৪। | জনাব মো: সিরাজুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-১৬৯১৬৭০ |
| ০৫। | জনাব জালাল উদ্দিন আহম্মেদ<br>যুগ্ম সচিব (প্রশাসন) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-৯৩৫৯৯৬৪২ |
| ০৬। | জনাব আ.স.ম আশরাফুল আলম<br>উপসচিব (প্রশাসন-৬) অধিশাখা | রেলপথ মন্ত্রণালয় | ০১৭৫-১৫০০৪৬৪৬ |
| ০৭। | মীর আলমগীর হোসেন<br>উপসচিব (প্রশাসন-৪) অধিশাখা | রেলপথ মন্ত্রণালয় | ০১৭৫-৫৫০০৪৭৫ |
| ০৮। | জনাব মো: শরিফুল আলম<br>সিনিয়র তথ্য অফিসার | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-১৬৯১০৫৩ |

**বাংলাদেশ রেলওয়ে/রেলওয়ে পুলিশ/রেলপথ পরিদর্শন অধিদপ্তর:**

| | | | |
|---|---|---|---|
| ০১। | জনাব ধীরেন্দ্র নাথ মজুমদার<br>মহাপরিচালক | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩৮৩ |
| ০২। | জনাব মো: মোরশেদ আলম<br>অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক<br>রেলওয়ে পুলিশ, কমলাপুর, ঢাকা | রেলওয়ে পুলিশ | ০১৭৫-৫৫০০৪৮৮ |

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০৩। | জনাব মো: মঞ্জুর-উল-আলম<br>এডিজি (রোলিং স্টক) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩০২ |
| ০৪। | জনাব এ কে এম আব্দুল্লাহ আল বাকী<br>এডিজি (এমএন্ডসিপি) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩০৪ |
| ০৫। | জনাব সরদার সাহাদাত আলী<br>এডিজি (অপারেশন) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩১০ |
| ০৬। | জনাব মিহির কান্তি গুহ<br>মহাব্যবস্থাপক (পশ্চিম) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩০৯ |
| ০৭। | জনাব অসীম কুমার তালুকদার<br>জিআইবিআর | রেলপথ পরিদর্শন<br>অধিদপ্তর | ০১৭১-১৫০৫৭১৫ |
| ০৮। | জনাব মো: রমজান আলী<br>জেডিজি (প্রকৌশল) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১২০ |
| ০৯। | জনাব সাইফুল্লাহ আল মামুন<br>এসপি | রেলওয়ে পুলিশ<br>ঢাকা | ০১৩২-০১৭৮৬০০ |
| ১০। | জনাব মো: শহিদুল ইসলাম | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১০৮ |
| ১১। | এ এম সালাহ উদ্দিন<br>COPS/E | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১০৯ |
| ১২। | শাহ সুফী নুর মোহাম্মদ<br>ডি.আর.এম/লালমনিরহাট | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১১-৫০৬১৩৭ |
| ১৩। | সাদেকুর রহমান<br>ডিআরএম/ঢাকা | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১১-৫০৬১৩৭ |
| ১৪। | জনাব মো: জহিরুল ইসলাম<br>চীফ কমান্ড্যান্ট/পূর্ব | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১২৪ |
| ১৫। | মোহা: আশাবুল ইসলাম<br>CCRNB/W | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১২৫ |
| ১৬। | জনাব মোহাম্মদ রেজওয়ান-উর-রহমান<br>কমান্ড্যান্ট, ঢাকা | আরএনবি | ০১৭১-১৬৯১৫৬৮ |